লেওয়ানডস্কির হ্যাটট্রিকে বড় জয়

নেশন্‌স লিগে রোমানিয়াকে ৬–০ হারাল পোল্যান্ড। হ্যাটট্রিক রবার্ট লেওয়ানডস্কির। অন্যদিকে, জিনেদিন জিদানের কোচিংয়ে ইতালির সঙ্গে ১–১ ড্র ফ্রান্সের। ৫৫ মিনিটে ফ্রান্সকে এগিয়ে দেন মাইকেল ওলিসে। ইতালিকে সমতায় ফেরান আলেজান্দ্রো বাস্তোনি।

পাকিস্তানের হার, এবারও হল না করমর্দন

এশিয়াডে সোনা শ্রেয়সদের

অগ্নি পাণ্ডে

হাংঝৌ থেকে নাগোয়া।

২০২৩–এ এশিয়ান গেমসে সেবারই প্রথমবার অন্তর্ভুক্তিতে ভারতের পুরুষ ক্রিকেট দল সোনা জিতেছিল। এবারও সেই ঐতিহ্য ধরে রাখলেন শ্রেয়স আয়াররা। নাগোয়ার নিশিনের করোগি স্পোর্টস পার্কে এশিয়ান গেমসের টানটান ফাইনালে ১৯ রানে পাকিস্তানকে হারিয়ে সোনা জিতল ভারত।

২০২৩–এ একদিনের আন্তর্জাতিক বিশ্বকাপের সময় তৎকালীন ভারত অধিনায়ক রোহিত শর্মা বলেছিলেন, 'আপশোস রইল সোনা জয়ের অংশীদার হতে পারলাম না। যারা জিতল তাদের বিশাল অ্যাচিভমেন্ট।' বিশাল কৃতিত্বই বটে। মাত্র ১৫ বছরেই বৈভব সূর্যবংশী সোনাজয়ী সদস্য। পোডিয়ামে সোনার মেডেল গলায় শ্রেয়সের সব সতীর্থের চোখ যেন চিকচিক করে উঠল শনিবার।

টস জিতে প্রথম ব্যাটিংয়ের সিদ্ধান্ত শ্রেয়সের। পাক অধিনায়ক সাহিবজাদা ফারহান প্রথম থেকেই স্পিনারদের ওপর ভরসা রেখেছিলেন। সেমিফাইনালে শ্রীলঙ্কার বিরুদ্ধে ব্যর্থ হয়েছিলেন ভারতের ওপেনার অভিষেক শর্মা। ওপেনিংয়ে বৈভবকে নিয়ে মারমুখী হয়ে উঠলেন অভিষেক। শুরুতে চালিয়ে হঠাৎ রিভার্স সুইপে কট বিহাইন্ড হয়ে বৈভব (৯ বলে ১৫, ২ ছয়) ফেরার পর অভিষেক ভয়ঙ্কর হয়ে ওঠেন। ১০ ওভারে ভারতের রান ১১৩/৩ পৌঁছয় অভিষেকের (২৮ বলে ৬১, ৩ চার, ৭ ছয়, স্ট্রাইক রেট ২১৭.৮৫) ব্যাটিংয়ে। তারপর খানিক মন্থর ব্যাটিং। ষষ্ঠ উইকেটে ভারতকে নিরাপদে নিয়ে গেল তিলক ভার্মা–শিবম দুবে জুটি। মাত্র ৩০ বলে ৬২ রানের জুটি। শেষে তিলক (২২ বলে অপরাজিত ৫১, ৩ চার, ৪ ছয়) এবং শিবম (১৫ বলে ২৭, ২ চার, ২ ছয়) ভারতকে ২১১/৬–এ পৌঁছে দেন।

সোনা জয়। তেরঙা নিয়ে দর্শকদের অভিবাদন বুমরা, তিলক, বৈভবদের। ছবি:পিটিআই

সবাই ভেবেছিলেন ভারতের পক্ষে কাজটা সহজ হবে। কিন্তু সেটা হতে দেননি পাক ব্যাটার হাসান নওয়াজ। দুরন্ত ব্যাটিংয়ে পাল্টা চ্যালেঞ্জ ভারতীয় বোলিংয়ের বিরুদ্ধে। পাক ইনিংসের ১৮তম ওভারের শুরুতে পাকিস্তানের প্রয়োজন ছিল ১৮ বলে ৫২ রান। তখনও হাসান রুদ্রমূর্তিতে। কিন্তু ওয়াশিংটন সুন্দর সেই ১৮তম ওভারে খরচ করলেন মাত্র ৮ রান। ম্যাচের টার্নিং পয়েন্ট। ১৯তম ওভারে পাকিস্তানের জেতার জন্য প্রয়োজন ১২ বলে ৪৪ রান। বুমরা দিলেন মাত্র ১০ রান। ইনিংসের শেষ ওভারে জেতার জন্য দরকার ৬ বলে ৩৩ রান। শিবম দুবে ফেরালেন হাসানকে (৫১ বলে ৯৬, ৫ চার, ৭ ছয়)। পাকিস্তান থামল ১৯২/৬ রানে। ভারত জিতল সোনা। না, এশিয়ান গেমসের ফাইনালেও ভারত–পাক সৌজন্যের করমর্দন দেখা গেল না।

স্কোরবোর্ড

ভারত

বৈভব ক উসমান ব সাইম	১৫ (৯)
অভিষেক স্টাঃ উসমান ব আরাফত	৬১ (২৮)
সঞ্জু ক আরাফত ব ড্যানিয়েল	২ (৪)
শ্রেয়স ক সাহিবজাদা ব আবরার	২১ (২৪)
ঈশান ব আরাফত	২০ (১৮)
তিলক অপরাজিত	৫১ (২২)
শিবম ক সাদাকত ব ড্যানিয়েল	২৭ (১৫)
অক্ষর অপরাজিত	১ (১)
অতিরিক্ত	১৩
মোট (২০ ওভারে, ৬ উইকেটে)	২১১

■ উইকেট পতন : ১/২৮, ২/৫১, ৩/৯৩, ৪/১২৮, ৫/১৩৩, ৬/১৯৫

■ বোলিং : সাইম ৪–০–৪৭–১, সাদ ৩–০–৩৩–০, ড্যানিয়েল ৩–০–৪৩–২, আরাফত ৩–০–২৫–২, আবরার ৪–০–২৯–১, সুফিয়ান ৩–০–৩৩–০

পাকিস্তান

সাহিবজাদা ক অক্ষর ব ওয়াশিংটন	১০ (১১)
সাদাকত ক ওয়াশিংটন ব অক্ষর	২৩ (১৮)
উসমান ক শিবম ব অক্ষর	৩ (৬)
হাসান ক সঞ্জু ব শিবম	৯৬ (৫১)
সাইম ক ওয়াশিংটন ব শিবম	২৯ (২২)
সামাদ ক তিলক ব ওয়াশিংটন	৯ (৯)
সাদ অপরাজিত	১২ (৫)
অতিরিক্ত	১০
মোট (২০ ওভারে, ৬ উইকেটে)	১৯২

■ উইকেট পতন : ১/৩৩, ২/৩৬, ৩/৩৯, ৪/১২৬, ৫/১৬২, ৬/১৯২

■ বোলিং : বুমরা ৪–০–৩৩–০, অক্ষর ৪–০–২৯–২, ওয়াশিংটন ৪–০–২৯–২, বিষ্ণোই ৩–০–৪৪–০, অভিষেক ২–০–২৩–০, শিবম ৩–০–৩৩–২

■ ভারত ১৯ রানে জয়ী

রাহুল-রোহিতের রানের পাল্টা জবাব দিলেন হোপ

বিশ্বজিৎ দাস

একটা প্রায় একশো ওভারের ম্যাচে পুরো সময় মাঠে কাটালেন শাই হোপ। প্রথম ৫০ ওভার উইকেটকিপিং করে। পরের ৪৮.২ ওভার ব্যাট হাতে। একটা সময় খুড়িয়ে খুড়িয়ে ব্যাট করলেন। ব্যক্তিগত সর্বোচ্চ রানের ইনিংস (অপরাজিত ১৬২)। ওয়েস্ট ইন্ডিজের একদিনের ক্রিকেট ইতিহাসে সবচেয়ে বেশি রান (৩৫২) তাড়া করে জয়ের রেকর্ড গড়ে মাঠ ছাড়লেন ক্যারিবিয়ান অধিনায়ক। সেই সঙ্গে বিপক্ষের হোয়াইটওয়াশের সুযোগ কেড়ে নিয়ে যেন গত ম্যাচে ৪০৫ রান তুলেও ম্যাচ বাঁচাতে না পারার ক্ষতে প্রলেপ লাগালেন।

নিউ চণ্ডীগড়ে টস জিতে ব্যাট করতে নেমে মাত্র ৪ রানে টপ অর্ডারের দুই ব্যাটার সাজঘরে। শুভমান গিল এবং বিরাট কোহলি। চূড়ান্ত চাপে থাকা ভারতীয় দলের হাল ধরলেন রোহিত শর্মা, লোকেশ রাহুলরা। একজন, অল্পের জন্য শতরান পেলেন না। অন্যজন ৮৭ বলে অপরাজিত ১২৯। তাতেই ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে সিরিজে নিয়মরক্ষার শেষ ম্যাচে স্কোরবোর্ডে ৩৫১/৭ উঠল। টানা চার ম্যাচে নিজের তৃতীয় শতরানের ইনিংস থেকে মাত্র আট কদম দূরে থেমে গেলেন রোহিত। রাহুল অবশ্য চলতি সিরিজে প্রথমবার ব্যাট হাতে মাঠে নামার সুযোগ পুরোদস্তুর কাজে লাগালেন। একদিনের ক্রিকেটে এদিন নিজের নবম শতরানের পাশাপাশি শেষ ১২ বলে ৪২ রান তুলে ব্যক্তিগত সর্বোচ্চ রানের ইনিংসেও পরিণত করলেন। প্রথমে ঋতুরাজ গায়কোয়াড় (৫৭) এবং তারপর নমন ধীরের (৩০) সঙ্গে জুটি বাঁধেন। শেষবেলায় অংশুল কম্বোজ ও গুরনুর ব্রারের সঙ্গে ৪০ ও ৬১ রানের পার্টনারশিপে দলকে সাড়ে তিনশোর গণ্ডি পার করিয়ে মাঠ ছাড়েন রাহুল। কিন্তু সেই লড়াই ব্যর্থ করলেন হোপ।

লোকেশ রাহুলের শতরান কাজে এল না। ছবি: পিটিআই

সংক্ষিপ্ত স্কোর: ভারত ৩৫১/৭, রোহিত ৯২ (৮৫), রাহুল অপরাজিত ১২৯ (৮৭), সিলস ৩/৬২। ওয়েস্ট ইন্ডিজ: ৪৮.২ ওভারে ৩৫২/৫ (হোপ অপরাজিত ১৬২)।

■ ওয়েস্ট ইন্ডিজ ৫ উইকেটে জয়ী

■ ম্যাচের সেরা: শাই হোপ

■ সিরিজ সেরা: শুভমান গিল

হকিতে এবারও সোনা হরমনপ্রীতদের

আজকালের প্রতিবেদন

আগেরদিন হকিতে সোনা জিতেছিল ভারতের মেয়েদের দল। ছেলেদের দলও নিরাশ করেনি। ফাইনালে মালয়েশিয়াকে ৫–১ হারিয়ে এবার সোনা জিতলেন হরমনপ্রীত সিংরা। ২০২৩ হাংঝৌ এশিয়ান গেমসেও সোনা জিতেছিল ভারতের পুরুষ হকি দল। এই প্রথম টানা দু'বার চ্যাম্পিয়ন। সেইসঙ্গে এই প্রথম পুরুষ ও মহিলা, হকির দুই বিভাগেই এশিয়ান গেমসে সোনা পেল ভারত। দুই দলই পেল লস অ্যাঞ্জেলেস অলিম্পিকের ছাড়পত্র।

পুরুষ বিভাগে ভারত প্রথম সোনা পায় ১৯৬৬ ব্যাঙ্কক এশিয়াডে। দ্বিতীয় সোনার জন্য অপেক্ষা করতে হয় ৩২ বছর। ১৯৯৮ সালে আবার সেই ব্যাঙ্ককেই সোনা জেতে ভারত। এরপর সোনা আসে ২০১৪ ও ২০২২ সালে। এই নিয়ে এশিয়াড হকিতে ভারত মোট পাঁচবার সোনা পেল। রুপো ৯ বার, ব্রোঞ্জ ৩ বার।

শনিবার দুরন্ত জয়ের পিছনে বড় অবদান অধিনায়ক হরমনপ্রীতের। করলেন দুটি গোল। শুরুর ও শেষের গোল, দুটিই আসে তাঁর স্টিক থেকে। প্রথম কোয়ার্টারে ১১ মিনিটে ভারত এগিয়ে গেলেও ১৪ মিনিটে সমতা ফেরায় মালয়েশিয়া। ২–১ করেন যুগরাজ সিং। দ্বিতীয়ার্ধে দুটি গোল হার্দিক সিং এবং শিলানন্দ লাকরার। পেনাল্টি কর্নার থেকে শেষ গোলটি করেন হরমনপ্রীত।

তীরন্দাজিতে বড় চমক কুমকুমের

সোনা জিতে উচ্ছ্বসিত হরমনপ্রীত ব্রিগেড। তেরঙায় উজ্জ্বল সোনার মেয়ে কুমকুম মোহোড।

এশিয়াডের পদক তালিকা

ক্রমিক নং	দেশ	সোনা	রুপো	ব্রোঞ্জ	মোট
১	চীন	১৬৮	৮৯	৮৩	৩৪০
২	জাপান	৮৩	৯৩	৯১	২৬৭
৩	দক্ষিণ কোরিয়া	৩৮	৪৩	৬৮	১৪৯
৪	ভারত	২১	২৭	৩৭	৮৫

তীরন্দাজিতে চমক কুমকুম মোহোডের। আগেরদিন দলগত রিকার্ভ বিভাগে সোনা পেয়েছিল ১৭ বছরের এই কিশোরী। মিক্সড ইভেন্টে এসেছিল রুপো। এবার সোনা এল ব্যক্তিগত রিকার্ভ বিভাগে। এই ইভেন্টে এই প্রথম কোনও ভারতীয় সোনা জিতলেন। দক্ষিণ কোরিয়ার প্রতিযোগীর সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াইয়ে ফল ছিল ৫–৫। শুট অফে বাজিমাত কুমকুমের। তাঁর প্রতিক্রিয়া, 'নিজের ওপর বিশ্বাস ছিল। সবসময় বড় স্বপ্নই দেখেছি।' ছেলেদের ব্যক্তিগত রিকার্ভে ব্রোঞ্জ নীরজ চৌহানের।

কুস্তিতেও এল সোনা। ৫৭ কেজি বিভাগে চ্যাম্পিয়ন আমন শেরওয়াত। প্যারিস অলিম্পিকে ব্রোঞ্জ পেয়েছিলেন। মেয়েদের ৫৩ কেজিতে রুপো অন্তিম পাঙ্ঘালের, ছেলেদের ৯৭ কেজিতে ব্রোঞ্জ দীপক পুনিয়ার। গল্‌ফে এল জোড়া পদক। মেয়েদের ব্যক্তিগত ইভেন্টে এই প্রথম সোনা পেলেন প্রণবী শরথ। মেয়েদের দলগত ইভেন্টে এল রুপো।

ইরানি কাপে লড়ছে ভারত

আজকালের প্রতিবেদন: ইরানি কাপের তৃতীয় দিনে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে দুর্দান্ত সেঞ্চুরি হাঁকিয়ে অবশিষ্ট ভারতকে লড়াইয়ে রাখলেন রবিচন্দ্রন স্মরণ। প্রথম ইনিংসে ৪১ রানে পিছিয়ে পড়ার পর দ্বিতীয় ইনিংসেও ১৯৭ রানে ৮ উইকেট হারিয়ে সঙ্কটে পড়ে অবশিষ্ট ভারত। দশম উইকেটের জুটিতে মুকেশ চৌধুরীকে সঙ্গে নিয়ে ১০৯ রান যোগ করে আশা জিইয়ে রাখলেন স্মরণ। দিনের শেষে অবশিষ্ট ভারতের স্কোর ৩০৬/৮। ২৬৫ রানে এগিয়ে। ১২৬ (১৩১ বলে) রান করে অপরাজিত স্মরণ (১৫টি চার ও ৫টি ছয়)। মুকেশ অপরাজিত ৯ (৪৭ বলে)। সুদীপ ঘরামি (৩৩), ঋষভ পন্থ (৮) রান করেন। সাহিল লোটরা ও উমরান নাজির ৩টি করে উইকেট নেন।

বাগানের আজ পাঞ্জাব চ্যালেঞ্জ

আজকালের প্রতিবেদন: আইএফএ শিল্ডের সেমিফাইনালে আজ, রবিবার মুখোমুখি মোহনবাগান–পাঞ্জাব এফসি। প্রাক্তন দলের বিরুদ্ধে বড় পরীক্ষায় বাগান কোচ পানাগিওটিস ডিম্পেরিস। নতুন ছয় বিদেশিকে নিয়ে দল সাজিয়েছে পাঞ্জাব। গ্রুপ পর্বের শেষ ম্যাচে ইস্টবেঙ্গলকে হারিয়ে সতর্কবার্তাও দিয়েছে। মোহনবাগানও শেষ ম্যাচে নর্থইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে ১–১ ড্র করেছে।

চোটের কারণে এই ম্যাচে জেমি ম্যাকলারেনকে পাবে না মোহনবাগান। জানা গিয়েছে, এই ম্যাচে তিনের বদলে চার ডিফেন্ডার নিয়ে দল সাজাতে পারেন ডিম্পেরিস। চোট সারিয়ে ফেরা আশিস রাইকে শেষ ম্যাচে কিছুক্ষণ খেলানো হয়েছিল। শুরু থেকে খেলার অবস্থায় আছে কি না, দেখেই সিদ্ধান্ত হবে। আলবার্তো রডরিগেজ, সামির জেলকোভিচ, দেজান দ্রাজিচ ও লি আরউইন— এই চার বিদেশিকে রেখে প্রথম একাদশ সাজানো হতে পারে। মিগেল ফিগেরা হয়তো পরিবর্ত নামবেন।

আজ
শিল্ডের সেমিতে
মোহনবাগান : পাঞ্জাব এফসি
(মোহনবাগান। দুপুর ২–৩০)
ফ্যানকোড

খেলার খুচরো

» বৈভবকে স্বীকৃতি

পনেরোর বৈভব সূর্যবংশীকে টাইম ম্যাগাজিনের স্বীকৃতি। 'টাইম ১০০ নেক্সট' তালিকায় স্থান পেয়েছে বৈভব। বিশ্বের উদীয়মান তারকাদের নিয়ে এই তালিকা তৈরি হয়েছে। সেখানে সর্বকনিষ্ঠ বৈভবই। টাইম ম্যাগাজিন ক্রীড়া জগতের অন্যতম চমকপ্রদ চরিত্র হিসেবে বৈভবকে উল্লেখ করেছে।

» সুদীপের শতরান

গুয়াহাটিতে অসমের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে দাপট বাংলার নেতা সুদীপ চ্যাটার্জির। প্রথম দিন অঙ্কুর পাল ও অভিমন্যু ঈশ্বরনের পর দ্বিতীয় দিন সুদীপের শতরান (অপরাজিত ১০২)। বাংলা ৫৭৫/৪ ডিক্লেয়ার, অসম বিনা উইকেটে ১৫২।

» জেরেভ–নোভাক

চায়না ওপেন টেনিসে সিঙ্গলসের কোয়ার্টারে মুখোমুখি বিশ্বের এক নম্বর আলেকজান্ডার জেরেভ এবং নোভাক জকোভিচ। প্রি কোয়ার্টারে নোভাক প্রথম সেটে হেরেও ৪–৬, ৭–৬ (৭/২), ৬–২ হারান চীনের ওয়াই বু–কে। জেরেভ স্ট্রেট সেটে জয়ী চীনেরই প্রতিদ্বন্দ্বীর বিরুদ্ধে।

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

আরামবাগ শাখা
লিঙ্ক রোড, আরামবাগ
হুগলি, পশ্চিমবঙ্গ, পিন–৭১২৬০১

বিক্রয়ের বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর ও অস্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)–এর অনুমোদিত আধিকারিক প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)–এর অনুমোদিত আধিকারিক এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন যেটি **২৮.১০.২০২৬ তারিখের সকাল ১০টা থেকে বিকাল ৪টায় 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।
ই–নিলাম উপায়ে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট বিবরণ এখানে নীচে দেওয়া হল:

ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	সম্পত্তির বিবরণ	সুরক্ষিত ঋণদাতার অনাদায়ী বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বৃদ্ধি অর্থাঙ্ক ঘ) সম্পত্তি আইডি ঙ) সম্পত্তির দায় চ) দখলের প্রকৃতি
বেতবনী রাইস মিল প্রাইভেট লিমিটেড **রেজিস্টার্ড অফিস:** গ্রাম– মধুবাটি, পোঃঅঃ– শ্রীপুর, থানা– গোঘাট, হুগলি, পিন–৭১২৬১২ ইউনিটের ঠিকানা: গ্রাম– বেতবনী, পোঃঅঃ– মান্দারন, থানা– গোঘাট, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৬১২ **মিঃ সুজন হাজরা (ডিরেক্টর)** পিতা পীযূষ কান্তি হাজরা গ্রাম– মধুবাটি, পোঃঅঃ– শ্রীপুর, থানা– গোঘাট, হুগলি, পিন–৭১২৬১২ **মিঃ সুশান্ত ঘোষ (ডিরেক্টর)** পিতা আনন্দ ঘোষ গ্রাম– মধুবাটি, পোঃঅঃ– শ্রীপুর, থানা– গোঘাট, হুগলি, পিন–৭১২৬১২ **মিঃ তাপস রায় (ডিরেক্টর)** পিতা মনোরঞ্জন রায় গ্রাম–গড় মান্দারন, পোঃ মান্দারন, থানা গোঘাট, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ, ৭১২৬১২	১. ১৪৮ ডেসিমেল জমি ও তার উপর বিল্ডিং ও কাঠামো যার অবস্থান: মৌজা বেতবনী, জে এল নং ১২২, আর এস ও এল আর দাগ নং ৪৭, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৭৯, ৮০, এল আর খতিয়ান নং ৭২/১, ২৩৯, ২৪০, ২৪১, ২৪২, ২৪৩, মান্দারন গ্রাম পঞ্চায়েতের অধীন, থানা গোঘাট, এডিএসআর গোঘাট, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ, বেতবনী রাইস মিল প্রাইভেট লিমিটেড–এর নামে। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর:** পঞ্চায়েতের মোরাম রাস্তা; **দক্ষিণ:** ত্রিপুরারি ঘোষ ও অন্যদের চাষের জমি; **পূর্ব:** জগবন্ধু ঘোষের একতলা বাড়ি ও অন্যদের চাষের জমি; **পশ্চিম:** প্রয়াত নিরঞ্জন দত্তর চাষের জমি। ২. ৬০ ডেসিমেল জমি ও তার উপর বিল্ডিং ও কাঠামো, যার অবস্থান: মৌজা–গোপালবাটি, জে এল নং ৯৩, আরএস ও এল আর দাগ নং ১৬১৯, ১৬২০, ১৬২১, ১৬২২, ১৬২৩, ১৬২৪/১৮৩০, এল আর খতিয়ান নং ১১৫/৪, ৫১১, ৫১২, ৫১৩, ৫১৪, ৫১৫, ৮৪২, ৮৪৩, গোঘাট গ্রাম পঞ্চায়েতের অধীন, থানা গোঘাট, এডিএসআর গোঘাট, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ। **সম্পত্তির চৌহদ্দি: উত্তর:** উত্তম মল্লিকের চাষের জমি; **দক্ষিণ:** পঞ্চায়েত রাস্তা; **পূর্ব:** জীবন কৃষ্ণ কুণ্ডু ও অন্যদের জমি; **পশ্চিম:** হারাধন সিং ও অন্যদের চাষের জমি। ৩. বেতবনী রাইস মিল প্রাইভেট লিমিটেড, গ্রাম– বেতবনী, পোঃঅঃ– মান্দারন, থানা– গোঘাট, হুগলির প্রেমিসেসে স্থাপিত ও বর্তমানে রক্ষণাবেক্ষণকৃত সমগ্র প্ল্যান্ট ও মেশিনারি।	₹৭,৯৯,৭৪,৮৫০/– (সাত কোটি নিরানব্বই লক্ষ চুয়াত্তর হাজার আটশো পঞ্চাশ টাকা মাত্র) **১৬.০২.২০২৬** অনুসারে এবং পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ	ক) ₹৩,৫০,০০,০০০/– (তিন কোটি পঞ্চাশ লক্ষ টাকা মাত্র) খ) ₹৩৫,০০,০০০/– (পঁয়ত্রিশ লক্ষ টাকা মাত্র) গ) ₹৩,৫০,০০০/– (তিন লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) ঘ) IDIB7160536311 ঙ) অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে এই সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই চ) **বাস্তবিক দখল**

ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৮.১০.২০২৬; সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ওয়েবসাইট (**https://baanknet.com**) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই–মেল: support.baanknet@psballiance.com)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক support.baanknet@psballiance.com মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://baanknet.com ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির **আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।**

যোগাযোগের ব্যক্তি: অনুমোদিত আধিকারিক: দেবজ্যোতি দাস (শাখা প্রবন্ধক), মোবাইল নম্বর: ৯৯০৩১১০৬০১

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ০১.১০.২০২৬
স্থান: আরামবাগ
স্বা/–
অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক

ICICI Bank

ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই–নিলাম

[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

ক্রম নং	ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ–এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর	জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য বায়না জমা	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়	ই–নিলামের তারিখ ও সময়
(A)	(B)	(C)	(D)	(E)	(F)	(G)
১.	মিঃ দেবাশিস বিশ্বাস (ঋণগ্রহীতা) তৃপ্তি বিশ্বাস (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নম্বর: LBCAL00005731386 LBCAL00005731400 LBCAL00005735237	মৌজা– পাথুরিয়া, জে এল নং ০৮, তৌজি নং ১৫, খতিয়ান নং ২৬৯, এল আর নং ৩৯০, আর এস এবং এল আর নং ১৬০৩, থানা– বাগদা, জেলা– উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭৪৩২৯৭, জমির পরিমাপ– ০৪.৫০ শতক, ভ্যালুয়েশন অনুসারে জমির পরিমাপ ১৯৬০ বর্গফুট এবং এর উপরিস্থিত নির্মাণের পরিমাপ ১৫৯৫ বর্গফুট।	₹ ২৮,৩৩,০১৯/– ২৩ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ১৪,৫০, ০০০/– ₹ ১,৪৫, ০০০/–	১৫ অক্টোবর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৭ অক্টোবর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
২.	মিস দেবিকা বৈদ্য (ঋণগ্রহীতা) আল্পনা বৈদ্য (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: TBASL00006587244	ফ্ল্যাট নং 'ডি', ফার্স্ট ফ্লোর, দক্ষিণ–পূর্ব ভাগে, কেএমসি প্রেমিসেস নং ও–১৬৯/এ, দেওয়ান বাগান লেন, দাগ নং ৪৫, খতিয়ান নং ২৭, জে এল নং ২৭, তৌজি নং ৩০০৪, শিট নং ১০০, মৌজা– গার্ডেনরিচ, পরগনা– মাগুরা, থানা– মেটিয়াব্রুজ, গার্ডেনরিচ পুরসভা, বর্তমানে কলকাতা পুরনিগম, ওয়ার্ড নং ১৩৬, অ্যাসেসি নং ৫১–১৩৬–০১–০১৭৬–২, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা–৭০০০২৪, পশ্চিমবঙ্গ, পরিমাপ প্রায় ৪৮৯ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া), তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ।	₹ ২৫,১১,২৭৬/– ২৩ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ৯,০০, ০০০/– ₹ ৯০,০০০/–	১৪ অক্টোবর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৭ অক্টোবর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
৩.	মিঃ সিদ্ধার্থ মুখার্জি (ঋণগ্রহীতা) মৌসুমী মুখার্জি (সহ–ঋণগ্রহীতা) LBCAL00005684902 LBCAL00005684908 LBCAL00005730743	উৎসর্গ–উৎসব হাউজিং সোসাইটি লিমিটেড, উদয়ন– দ্য কন্ডোভিল, অ্যাপার্টমেন্ট নং ০৩এ, বিল্ডিং নং ইউভি৩৩, ফ্ল্যাট নং ইউভি৩৩০৩এ, ২ নং ফ্লোর, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১০৫০/১, মৌজা– রাজপুর, থানা– কসবা, পরবর্তীতে পূর্ব যাদবপুর, বর্তমানে সার্ভে পার্ক, প্লট নং ১০২৮, জে এল নং ২৩, সাব রেজিস্ট্রি অফিস– শিয়ালদহ, ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস– আলিপুর, ওয়ার্ড নং ১০৯, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, জেলা– ২৪ পরগনা (দক্ষিণ), কলকাতা–৭০০০৭৫, পশ্চিমবঙ্গ, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৬২৫ বর্গফুট (নিজস্ব উন্মুক্ত এলাকা অন্তর্ভুক্ত করে)। দ্রষ্টব্য: মামলা বর্তমানে ডিআরটি–৩ সমীপে স্থানান্তরিত এবং টিএসএ ৭/২০২৬ নম্বরযুক্ত হয়েছে।	₹ ৪৩,০১,০৪২/– ২৩ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ২৪,৮০, ০০০/– ₹ ২,৪৮, ০০০/–	১৪ অক্টোবর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৭ অক্টোবর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
৪.	মিঃ বাপি সর্দার (ঋণগ্রহীতা) মিতালি সর্দার (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: LBCAL00005046390	আবাসিক ফ্ল্যাট নং ১বি, ফার্স্ট ফ্লোর, শ্যামপুর এনক্লেভ, আর এস দাগ নং ৭৪৮, আর এস খতিয়ান নং ২২, এল আর দাগ নং ৯৪১, এল আর খতিয়ান নং ১২৪৪, জে এল নং ৪৬, তৌজি নং ৩৫৭, আর এস নং ৩৪, ওয়ার্ড নং ৩৫, মিউনিসিপ্যাল হোল্ডিং নং সি১–৩৮/১৬, সি১–৩৮/এ/নিউ, বিবিটি রোড, কলকাতা অভিমুখে রাস্তার বাম পার্শ্বে, মহেশতলা পুরসভা, মৌজা– শ্যামপুর, থানা– মহেশতলা, পরগনা– বালিয়া, এডিএসআর অফিস– বেহালা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, কলকাতা–৭০০১৩৭। সুপার বিল্ট আপ এরিয়া ৮৮৪ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ।	₹ ৩৪,৮৯,১৩৭/– ২৩ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ১২,১৫, ০০০/– ₹ ১,২১, ৫০০/–	১৬ অক্টোবর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৭ অক্টোবর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু
৫.	মিঃ শৌভিক ব্যানার্জি (ঋণগ্রহীতা) স্বপ্না ব্যানার্জি (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: LBCAL00002421059	মিনার্ভা গার্ডেনস, ফ্ল্যাট নং ৫, ফ্লোর নং ২–এর পূর্বভাগে, মৌজা– হাঁসপুকুরিয়া, জে এল নং ২০, থানা– ঠাকুরপুকুর, আর এস দাগ নং ৪২৩/৭৩৫, আর এস খতিয়ান নং ৩৯৯, আর এস দাগ নং ৩৮০/৭৬৮, আর এস খতিয়ান নং ৪১২, এল আর দাগ নং ৫৫২ ও ৭৫৪, এল আর খতিয়ান নং ৩২৭২, ওয়ার্ড নং ১৪৪, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, এডিএসআর– বেহালা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ১২৫০ বর্গফুট।	₹ ৩৬,৫৩,১৪৯/– ২৩ সেপ্টেম্বর, ২০২৬ অনুযায়ী	₹ ২০,২৫, ০০০/– ₹ ২,০২, ৫০০/–	১৬ অক্টোবর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো	২৭ অক্টোবর, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://BidDeal.in)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ২৬ অক্টোবর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে। সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ২৬ অক্টোবর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ২৬ অক্টোবর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ২৬ অক্টোবর, ২০২৬ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে 'ICICI Bank Limited'–এর অনুকূলে Kolkata–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে–অর্ডার রূপে জমা দিতে হবে। সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৮৬৮৮৫২৯ নম্বরে যোগাযোগ করবেন।
কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ৪ অক্টোবর, ২০২৬
স্থান: কলকাতা (পশ্চিমবঙ্গ)
অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড